

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৭৫

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - মক্কায় প্রবেশ করা ও তাওয়াফ প্রসঙ্গে

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: أَقْبَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَدَخَلَ مَكَّةَ فَأَقْبَلَ إِلَى الْمَخَرِ فَاسْتَلَمَهُ ثُمَّ طَافَ بِالْبَيْتِ ثُمَّ أَتَى الصَّفَا فَعَلَاهُ حَتَّى يَنْظُرَ إِلَى الْبَيْتِ فَرَفَعَ يَدَيْهِ فَجَعَلَ يَذْكُرُ اللَّهُ مَا شَاءَ وَيَدْعُو. رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

২৫৭৫-[১৫] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনাহ্ হতে (হজ্জ/হজ ও 'উমরা পালনের জন্য) মক্কায় প্রবেশ করে হাজারে আসওয়াদের দিকে অগ্রসর হলেন, একে চুমু খেলেন। তারপর বায়তুল্লাহর তাওয়াফ করলেন, এরপর সাফা পাহাড়ের দিকে এলেন এবং এর উপর উঠলেন যাতে বায়তুল্লাহ দেখতে পান। তারপর দু' হাত উঠালেন এবং উদারমনে আল্লাহর যিকির ও দু'আ করতে লাগলেন। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ১৮৭২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীস দ্বারা বুঝা যায় যে, প্রত্যেক মক্কায় প্রবেশকারী ব্যক্তিই তাওয়াফ করবে। চাই সে মুহরিম হোক অথবা না হোক।

বর্ণিত হাদীসটি এর উপরও দলীল যে, বায়তুল্লাহ দেখার পর নির্ধারিত কোন দু'আ পাঠ করার বিধান নেই। বরং যে কোন দু'আই করতে পারে। তবে দু'আয়ে মাসুরা বা হাদীস দ্বারা প্রমাণিত দু'আ পড়া উত্তম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন